ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৯৪৩
ছৈলেংটা,২৫ জুলাই,২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে**
**ছৈলেংটায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত**

অন্যান্য বছরের ন্যায় এবছরও লংতরাইভ্যালি মহকুমায় যথাযোগ্য মর্যাদায় ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস পালন করা হবে। এ উপলক্ষ্যে আজ লংতরাইভ্যালি মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিধায়ক শম্ভুলাল চাকমা। সভায় সিদ্ধান্ত হয়, ১৫ আগস্ট ছৈলেংটা বাজারের মাঠে মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়াও সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে ম্যারাথন দৌড় প্রতিযোগিতা, ভলিবল ম্যাচ, বসে আঁকো প্রতিযোগিতা, প্রভাতফেরি, বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান, মহকুমার বিভিন্ন হাসপাতালের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ ইত্যাদি কর্মসূচির আয়োজন করা হবে। এছাড়াও স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে মহকুমা প্রশাসনের উদ্যোগে মেগা রক্তদান শিবিরের আয়োজন করা হবে।

প্রস্তুতি সভায় বিধায়ক শম্ভুলাল চাকমা স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানকে সুন্দর ও সফলভাবে আয়োজন করার লক্ষ্যে বিভিন্ন দপ্তরকে সহযোগিতা করার আহ্বান জানান। প্রস্তুতি সভায় লংতরাইভ্যালি মহকুমার মহকুমা শাসক সুব্রত দাস, মহকুমা শাসক কার্যালয়ের ডি.সি.এম.-গণ, বিভিন্ন দপ্তরের প্রতিনিধি সহ বি.এস.এফ., সি.আর.পি.এফ. এবং টি.এস.আর. বাহিনীর প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন।

*****